



# মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি

মস্তফাপুর, মাদারীপুর।

ওয়েব সাইটঃ pbs.madaripur.gov.bd



স্মারক নং-২৭.১২.৫৪৫৪.৫২৭.০২.০০৮.২৩- ৮৬৯

তারিখঃ ০৫ ফাল্গুন ১৪২৯ বঃ  
১৮ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিঃ

## “রিটেইনার ডাক্তার নিয়োগ বিজ্ঞপ্তি”

মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরের এর জন্য মেডিকেল রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) নিয়োগের নিমিত্তে নিম্নে উল্লিখিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত যোগ্যতা সম্পন্ন নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

### শর্তাবলীঃ

- ০১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০২। প্রার্থীকে সরকারী মেডিকেল কলেজ/বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত মেডিকেল কলেজ হতে এমবিবিএস পাশ হতে হবে।
- ০৩। আলোচ্য পদে ০৩ (তিন) বৎসরের জন্য চুক্তি ভিত্তিতে নিয়োগ করা হবে। তবে সফলভাবে চুক্তি সম্পন্ন সাপেক্ষে একই শর্তে পুনঃ চুক্তি সম্পাদন করা যাবে।
- ০৪। যে কোন পক্ষ ০১ মাসের পূর্ব নোটিশ প্রদানের মাধ্যমে চাকুরীর অবসান ঘটাতে পারবেন।
- ০৫। নিয়োগপ্রাপ্ত চিকিৎসককে সপ্তাহে ০২(এক) দিন মাদারীপুর পবিস এর সদর দপ্তর অফিসে ০১ (এক) ঘন্টা করে উপস্থিত থেকে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের এবং তাদের নির্ভরশীল সদস্যদের চিকিৎসা সেবা প্রদান করতে হবে। অফিসে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৬। অফিসে আসার সপ্তাহের নির্ধারিত দিন ব্যতিত প্রয়োজনে চিকিৎসকের ব্যক্তিগত চেম্বারে সমিতির যে কোন কর্মকর্তা/কর্মচারীগণ সপ্তাহের অন্যান্য দিন চিকিৎসার জন্য যেতে পারবেন। এর জন্য কোন পৃথক ভিজিট বা ফি দেয়া হবে না।
- ০৭। দুর্ঘটনা বা যে কোন জরুরী প্রয়োজনে নিয়োগপ্রাপ্ত চিকিৎসককে সমিতির ভৌগলিক এলাকার যে কোন স্থানে যেতে হতে পারে এবং এ জন্য চিকিৎসককে প্রকৃত যাতায়াত ভাতা প্রদান করা হবে।
- ০৮। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক পবিস এর সদর দপ্তরের জন্য নির্ধারিত হারে মাসিক ৮,০০০ (আট হাজার) টাকা রিটেইনার ফি প্রদান করা হবে।
- ০৯। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- ১০। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে জটিলতা দেখা দিলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

উপর্যুক্ত পদে নিয়োগ পেতে আগ্রহী প্রার্থীগণ সাদা কাগজে নিম্নবর্ণিত তথ্যাদি উল্লেখ পূর্বক প্রয়োজনীয় কাগজপত্র সম্বলিত দরখাস্ত আগামী ২৬/০২/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর বরাবর পৌছাতে হবে।

- |                                   |   |
|-----------------------------------|---|
| (ক) আবেদনকারীর নাম (স্পষ্টাক্ষরে) | : |
| (খ) পিতার নাম                     | : |
| (গ) মাতার নাম                     | : |
| (ঘ) স্থায়ী ঠিকানা                | : |
| (ঙ) বর্তমান ঠিকানা                | : |
| (চ) শিক্ষাগত যোগ্যতা              | : |
| (ছ) জন্ম তারিখ                    | : |
| (জ) ধর্ম                          | : |
| (ঝ) অভিজ্ঞতা                      | : |

(এঃ) সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি এবং সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(মোহাম্মদ জোনাব আলী)

জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

### অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের অনুরোধ সহ) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ)/ পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)।
- ০৪। জেলা প্রশাসক/পুলিশ সুপার, মাদারীপুর।
- ০৫। সিভিল সার্জন, মাদারীপুর।
- ০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ----- পবিস-১/২/৩/৪।
- ০৭। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপদ/এলজিইডি, মাদারীপুর।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার, মাদারীপুর/শিবচর/কালকিনি/রাজৈর।
- ০৯। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, শরীয়তপুর।
- ১০। মেয়র, মাদারীপুর/শিবচর/কালকিনি/রাজৈর।
- ১১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারীপুর।
- ১২। ডিজিএম (সদর দপ্তর-কারিগরি)/টেকেরহাট/শিবচর/কালকিনি জোনাল অফিস, মাপবিস।
- ১৩। এজিএম (ওএন্ডএম), খোয়াজপুর/ডাসার সাব জোনাল অফিস, মাপবিস।
- ১৪। এজিএম (অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/ইএন্ডসি), মাপবিস।
- ১৫। এজিএম (আইটি), মাপবিস (পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১৬। নোটিশ বোর্ড, মাদারীপুর পবিস।
- ১৭। অফিস কপি।

(মোহাম্মদ জোনাব আলী)

জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)